গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

## সংশোধিত বিজ্ঞপ্তি

নং-৮০.০০.০০০০.৩০১.০৭৩.০২.১৭- ৪৭

তারিখ ঃ ০৭ ফাল্গুন ১৪২৪
১৯ ফেব্রুয়ারি ২০১৮

বিষয় ঃ সাধারণ পুলের আওতায় নিয়োগযোগ্য বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তরের "প্রশাসনিক কর্মকর্তা" (সাধারণ ও মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত) এবং "ব্যক্তিগত কর্মকর্তা" (সাধারণ) পদের প্রার্থীদের বাছাই (MCQ) পরীক্ষার কেন্দ্র পরিবর্তন।

আগামী ০৫ মার্চ/২০১৮ ও ১২ মার্চ/২০১৮ তারিখে অনুষ্ঠিতব্য সাধারণ পুলের আওতায় নিয়োগযোগ্য বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তরের ১০ম গ্রেডের "প্রশাসনিক কর্মকর্তা" (সাধারণ) এবং "ব্যক্তিগত কর্মকর্তা" (সাধারণ) পদের বাছাই (MCQ) পরীক্ষা মোহাম্মদপুর কেন্দ্রীয় কলেজ, নুরজাহান রোড, মোহাম্মদপুর কেন্দ্রের পরিবর্তে শেরেবাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, আগারগাঁও এবং শেরেবাংলা নগর সরকারি বালক উচ্চ বিদ্যালয় আগারগাঁও কেন্দ্রে অনুষ্ঠিত হবে। অন্যান্য পদের পরীক্ষার কেন্দ্র, তারিখ, সময়, ও এতদ্‌সংক্রান্ত নির্দেশাবলি অপরিবর্তিত থাকবে ঃ

| ক্রমিক নং | পদের নাম, বিজ্ঞপ্তির তারিখ ও ক্রমিক নং | পরীক্ষার তারিখ ও সময় | কেন্দ্র | রেজিস্ট্রেশন নম্বর | প্রার্থী সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১. | প্রশাসনিক কর্মকর্তা (সাধারণ) (বিজ্ঞপ্তির তারিখ ঃ ৩০/০৭/১৭, নং-৬৬; অনলাইন) | ০৫/০৩/২০১৮খ্রিঃ (সোমবার) বিকাল ৩.০০টা থেকে ৪.০০টা পর্যন্ত | মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয়, হুমায়ুন রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭। | ০০০০০১-০০১৬০০ | ১৬০০ জন |
| | | | শেরেবাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, আগারগাঁও, ঢাকা-১২০৭। | ০০১৬০১-০০২৮০০ | ১২০০ জন |
| | | | শেরেবাংলা নগর সরকারি বালক উচ্চ বিদ্যালয়, আগারগাঁও, ঢাকা-১২০৭। | ০০২৮০১-৮০০১০০ | ১২১৮ জন |
| ২. | প্রশাসনিক কর্মকর্তা (মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত) (বিজ্ঞপ্তির তারিখ ঃ ৩০/০৭/১৭,নং-৬৭; অনলাইন) | ০৮/০৩/২০১৮খ্রিঃ (বৃহস্পতিবার) বিকাল ৩.০০টা থেকে ৪.০০টা পর্যন্ত | মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয়, হুমায়ুন রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭। | ০০০০০১-০০১৬০০ | ১৬০০ জন |
| | | | গণভবন উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর,ঢাকা-১২০৭। | ০০১৬০১-৮০০১০০ | ৭১৪ জন |
| ৩. | ব্যক্তিগত কর্মকর্তা (সাধারণ) (বিজ্ঞপ্তির তারিখ ঃ ৩০/০৭/১৭, নং-৬৮; অনলাইন) | ১২/০৩/২০১৮খ্রিঃ (সোমবার) বিকাল ৩.০০টা থেকে ৪.০০টা পর্যন্ত | শেরেবাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, আগারগাঁও, ঢাকা-১২০৭। | ০০০০০১-০০১০০০ | ১০০০ জন |
| | | | শেরেবাংলা নগর সরকারি বালক উচ্চ বিদ্যালয়, আগারগাঁও, ঢাকা-১২০৭। | ০০১০০১-০০২০০০ | ১০০০ জন |
| | | | গণভবন উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর,ঢাকা-১২০৭। | ০০২০০১-৮০০১০০ | ৭০৩ জন |

## সময়সূচী ও নির্দেশাবলি

| সময় | পরীক্ষার্থীদের করণীয় |
|---|---|
| ২:১৫ মিঃ | পরীক্ষার্থীগণ নির্ধারিত পরীক্ষার হলে নিজ নিজ কক্ষে প্রবেশ করবেন। |
| ২:৩০ মিঃ | প্রার্থীদের উত্তরপত্র দেয়া হবে। পরীক্ষার্থীগণ উত্তরপত্রে নিজ নাম, জেলা এবং রেজিঃ নম্বর কালো কালির বলপয়েন্ট কলম দিয়ে লিখে সংশ্লিষ্ট বৃত্তগুলো ভরাট করে নির্ধারিত স্থানে স্বাক্ষর করে পরিদর্শকগণের নির্দেশনামতে হাজিরা তালিকায় স্বাক্ষর করবেন। |
| ৩:০০মিঃ | প্রশ্নপত্র দেয়া হবে। উত্তরপত্রে প্রশ্নের সেট নম্বর মুদ্রিত থাকবে। পরীক্ষার্থীগণ প্রশ্নপত্র প্রাপ্তির পর এই মর্মে নিশ্চিত হবেন যে, তাকে যে সেট নম্বরের উত্তরপত্র সরবরাহ করা হয়েছে তিনি সেই সেট নম্বরের প্রশ্নপত্র পেয়েছেন। |
| ৪:০০মিঃ | পরীক্ষা শেষ হবে। পরীক্ষার্থীরা নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র গণনা করে বুঝে নেয়ার পর পরীক্ষার্থীরা পরীক্ষা কক্ষ ত্যাগ করবেন। পরীক্ষার্থীগণ প্রশ্নপত্র নিয়ে যাবেন। |

ক্রমশ/২

## পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলি

১. "প্রশাসনিক কর্মকর্তা" (সাধারণ ও মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত) এবং "ব্যক্তিগত কর্মকর্তা" (সাধারণ) পদের প্রবেশপত্র কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট http://bpsc.teletalk. com.bd থেকে ডাউনলোড করা যাবে।

২. কোন প্রার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে বা বিনষ্ট হলে কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট http://bpsc.teletalk.com.bd থেকে ডাউনলোড করা যাবে। প্রবেশপত্র ব্যতীত কোন পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

৩. ওয়েবসাইটে এবং প্রবেশপত্রে প্রদত্ত নির্দেশাবলি মনোযোগ সহকারে পড়ে তা যথাযথভাবে পালন করতে হবে।

৪. **বেলা ২.৩০ মিনিটের পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।**

৫. পরীক্ষায় কোন ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না। মোবাইল ফোন, কোন ধরনের ইলেকট্রনিক যোগাযোগ যন্ত্র, হাতঘড়ি, বই-পুস্তক, ব্যাগসহ কোন পরীক্ষার্থী পরীক্ষা হলে প্রবেশ করতে পারবে না। পরীক্ষা হলের গেটে হাতঘড়ি ও মোবাইল ফোনের জন্য বিশেষ তল্লাশী অভিযান চালানো হবে। পরীক্ষার হলের গেটে পুলিশ এর উপস্থিতিতে উল্লিখিত দ্রব্যাদি এবং প্রবেশপত্র পরীক্ষা করে প্রার্থীদের হলে প্রবেশের অনুমতি দেয়া হবে। পরীক্ষা কক্ষে কোন পরীক্ষার্থীর কাছে হাতঘড়ি, মোবাইল ফোন বা কোন ধরণের যোগাযোগ যন্ত্র পাওয়া গেলে উক্ত প্রার্থীকে হল থেকে বহিষ্কার করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে এবং ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীত যে কোন নিয়োগ পরীক্ষার জন্য তাকে অযোগ্য ঘোষণা করা হবে।

৬. প্রশ্নপত্র পাওয়ার পর পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কোন পরীক্ষার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না।

৭. পরীক্ষার্থীদের রেজিঃ নম্বর ৬ (ছয়) ডিজিট সম্বলিত। কোন প্রার্থীর রেজিঃ নম্বর ৬(ছয়) ডিজিটের কম হলে বাম দিকের ঘর/ঘরগুলো শূন্য দিয়ে পুরণ করে রেজিঃনম্বরের ডিজিটসমূহ বল পয়েন্ট কলম দিয়ে প্রযোজ্য ঘরে লিখে নিচের সংশ্লিষ্ট বৃত্তগুলো কালো কালির বলপয়েন্ট কলম দিয়ে ভরাট করতে হবে।

৮. পরীক্ষার্থীদের ১০০ নম্বরের অবজেকটিভ ধরণের প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য পরীক্ষার্থী ১(এক) নম্বর পাবেন; ভুল উত্তর দিলে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫ (শূন্য দশমিক পাঁচ) নম্বর কাটা যাবে।

৯. বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd এ পাওয়া যাবে।

- **পড়াশোনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।**
- **চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।**

স্বাঃ ১৭/০২/২০১৮

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
(অতিরিক্ত সচিব)

নং-৮০.০০.০০০০.৩০১.০৭৩.০২.১৭- ৪৭ তারিখ ঃ ১৭.০২.২০১৮ খ্রিঃ

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল ঃ -

১. সিনিয়র সচিব/সচিব, ........................................................................................মন্ত্রণালয়/বিভাগ।
২. সিনিয়র সিস্টেম এনালিষ্ট (বিজ্ঞপ্তিটি অদ্যই ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ) বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৩. উপ-সচিব (প্রশাসন/অর্থ ও সেবা/বাজেট), পরিচালক (সকল), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৪. মাননীয় চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৬. উপ পরিচালক/সহকারী পরিচালক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের আঞ্চলিক কার্যালয়(চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ)।
৭. জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৮. বিজ্ঞ সদস্য (সকল) এর ব্যক্তিগত কর্মকর্তা (সদস্য মহোদয়দের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৯. অভ্যর্থনা /নোটিশ বোর্ড, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
১০. সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।

১৭/০২/১৮

(দিলাওয়েজ দুরদানা)
পরিচালক(নন-ক্যাডার)

*AD( Non Cadre)/ All Press//Preliminary Press*